

COVID-19 “দীর্ঘ-মেয়াদী (লং-হল)” এবং শ্রমিকদের ক্ষতিপূরণ



Workers'
Compensation
Board

কাজের সাথে সম্পর্কিত COVID-19 থেকে চলমান জটিলতায় ভুগছেন? লং হলের জন্য শ্রমিকদের ক্ষতিপূরণ আপনার সাথে আছে।

COVID-19 এর কারণে আপনার চলমান (অথবা “দীর্ঘ-মেয়াদী (লং-হল)”) চিকিৎসা সংক্রান্ত সমস্যা থাকলে এবং আপনি যদি মনে করেন যে কর্মক্ষেত্রে আপনি একজন সংক্রমিতের কারণে আক্রান্ত হয়েছেন তাহলে আপনি শ্রমিকদের ক্ষতিপূরণ ইন্সুরেন্সের মাধ্যমে বিনামূল্যে **আজীবন চিকিৎসা পরিষেবার** জন্যও যোগ্য হতে পারেন। NYS শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড-অনুমোদিত প্রদানকারীর কাছ থেকে আপনার কাজ-সম্পর্কিত COVID-19 রোগ নির্ণয়ের জন্য আপনি যে চিকিৎসাই গ্রহণ করেন তা আপনার জন্য আজীবন কোনো খরচ ছাড়াই পাওয়া যাবে। এছাড়া আপনার অসুস্থতার কারণে যদি আপনি কাজ করতে বিফল হন, তাহলে আপনি হারানো মজুরি পুনরুদ্ধারের জন্য যোগ্য হতে পারেন।

আপনার কাছে কোনো একটি না থাকলে আপনি বিদ্যমান দাবি অথবা দাখিলের মাধ্যমে আপনার সুবিধাগুলি নিন

আপনার যদি ইতোমধ্যেই COVID-19 এর একটি প্রতিষ্ঠিত শ্রমিকদের ক্ষতিপূরণ দাবি থাকে, তাহলে যেকোনো চলমান চিকিৎসা পরিষেবা যা সরাসরি বা ফলস্বরূপ COVID-19 এর সাথে সম্পর্কিত সেই দাবির মধ্যেই থাকে। উদাহরণস্বরূপ, প্রতিষ্ঠিত COVID-19 দাবিসহ কোনো একজনের COVID-19 এর ফলে কিডনি বা ফুসফুস সংশ্লিষ্ট সমস্যার জন্য চলমান চিকিৎসার প্রয়োজন হতে পারে বা উদ্বেগ এবং বিশ্লততার মতো সংশ্লিষ্ট পরিস্থিতি তৈরি হতে পারে। আপনার প্রতিষ্ঠিত কোনো দাবি না থাকলে অসুস্থতার দুই বছরের মধ্যে আপনাকে একটি দাবি দাখিল করতে হবে।

একটি দাবি দাখিল করতে:

1. আপনার নিয়োগকর্তাকে লিখিতভাবে যত দ্রুত সম্ভব বলুন যে আপনি অসুস্থ (বা অসুস্থ ছিলেন)।
2. অনলাইনে **কর্মচারী দাবি (ফরম C-3)** পূরণ করুন <http://wcb.ny.gov/covid-19> ঠিকানায়। এছাড়াও আপনি ওয়েবসাইট থেকে একটি কাগজের ফরম ডাউনলোড করে পূরণ করতে পারেন এবং ফরমের ঠিকানা অনুসারে NYS শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড (বোর্ড) এ পাঠাতে পারেন।
3. আপনি সময় পেলেই শ্রমিকদের ক্ষতিপূরণ পাওয়া রোগীদের চিকিৎসার জন্য অনুমোদিত একজন স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীকে দেখান। আপনি এখন ভিডিও বা টেলিফোনের মাধ্যমেও সেটা করতে পারেন। আপনি <http://wcb.ny.gov/covid-19> ঠিকানায় বোর্ড অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর অনুসন্ধান করতে পারেন।
4. আপনার যিনি চিকিৎসা করেন সেই শ্রমিক ক্ষতিপূরণ স্বাস্থ্যসেবা প্রদানকারীকে বলুন যে আপনার বিশ্বাস আপনি কর্মক্ষেত্রে একজন সংক্রমিতের নিকট থেকে COVID-19 এ আক্রান্ত হয়েছেন। আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী সম্মত হলে, প্রদানকারী বিমাকারী এবং বোর্ডের কাছে একটি মেডিকেল রিপোর্ট পাঠাবেন। যদি মেডিকেল রিপোর্টে আপনার পজিটিভ COVID-19 পরীক্ষার ফলাফল অন্তর্ভুক্ত থাকে, তাহলে সেটাই সবচেয়ে ভালো হয় কিন্তু PCR পরীক্ষার মাধ্যমে বা পরীক্ষার মূল্যায়নের মাধ্যমে রোগনির্ণয় দেখানো একটি মেডিকেল রিপোর্টও ব্যবহার করা যেতে পারে।

অন্তর্ভুক্ত করার মতো তথ্য

শ্রমিকদের বেশিরভাগই COVID-19 এর সংস্পর্শে আসার সঠিক মুহূর্ত বা পদ্ধতি নির্দেশ করতে পারে না কিন্তু আপনি যদি এমন পরিবেশে কাজ করেন যেখানে COVID-19 এর সংস্পর্শ রয়েছে বা বিদ্যমান ছিল (যেমন- হাসপাতাল, পরিবহন, মুদি দোকান বা অন্য কোথাও) তাহলে সেটি আপনি দেখাতে পারেন। আপনি কোথায় কাজ করেন, আপনি কতটা সময় ধরে কাজ করেন এবং আপনার কাজের দায়িত্ব সম্পর্কে বিশদ বিবরণ অন্তর্ভুক্ত করুন, বিশেষ করে জনসাধারণের সংস্পর্শে আসার সাথে সম্পৃক্ত বিষয়গুলি।

সকল দাবি গ্রহণ করা না হলেও, দাবি দাখিল করার ক্ষেত্রে কোনো ক্ষতি বা ঝুঁকি নেই, যদি সেটি প্রত্যাখ্যান করা হয় তারপরও।

সহায়তা পাওয়া যায়

COVID-19 এর জন্য দাবি দাখিল সম্পর্কে আরো তথ্য <http://wcb.ny.gov/covid-19> ঠিকানায় পাওয়া যায়। আপনার কোনো সমস্যা বা বাড়তি কোনো তথ্যের প্রয়োজন হলে NYS শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ডে **(877) 632-4996** নম্বরে কল করতে পারেন। দাবির প্রক্রিয়া সম্পর্কে তথ্য পেতে প্রতিরোধ বা বাধার সম্মুখীন হলে অথবা দাবি দায়ের করতে নিরুৎসাহিত হলে অনুগ্রহ করে আমাদের জানান। আমরা আপনাকে সহায়তা করবো। এছাড়াও আপনি AdvinjWkr@wcb.ny.gov ঠিকানায় লিখতে পারেন।

নিউইয়র্ক স্টেট ওয়ার্কারস ক্ষতিপূরণ বোর্ডের (New York State Workers' Compensation Board) সুবিধাগুলি যথাযথ বিতরণ নিশ্চিত করে এবং আইন মেনে চলার মাধ্যমে কর্মীদের এবং নিয়োগকারীদের অধিকার রক্ষা করে। ওয়ার্কাস কম্পেন্সেশন বোর্ড সম্পর্কে আরো জানতে wcb.ny.gov দেখুন।

facebook.com/NYSWCB

twitter.com/NYSWorkersComp

instagram.com/nysworkerscompboard

youtube.com/newyorkstateworkerscompensationboard

WCB নোটিফিকেশনের জন্য: wcb.ny.gov/Notify ঠিকানায় সাইন আপ করুন

WCB.NY.GOV